

‘মাল্টিমিডিয়া হচ্ছে প্রাথমিক ও মাধ্যমিকের বই’

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষার্থীদের সুবিধার্থে প্রাথমিক ও মাধ্যমিকের সব বই মাল্টিমিডিয়া করা হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষাসচিব নজরুল ইসলাম খান। তিনি বলেন, সব বই মাল্টিমিডিয়া হয়ে গেলে শিক্ষার্থীরা নোটপ্যাড, ল্যাপটপ, আইপ্যাড নিয়ে ফ্রান্স করত পারবে। যদি কোনো কারণে কোনো শিক্ষার্থী ক্লাসে উপস্থিত হতে না পারে তাহলে বাসায় বসেই ক্লাসের পড়ায় সে যোগ দিতে পারবে।

গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতি আয়োজিত এক সমাবেশে তিনি এসব কথা বলেন। সংগঠনটির কেন্দ্রীয় কমিটির অর্থস্বত্বপ্রাপ্ত শিক্ষক নেতাদের বিনায় সংবর্ধনা উপলক্ষে এই সমাবেশের আয়োজন করা হয়। প্রধান অতিথির বক্তৃতায় মহীউদ্দীন খান আলমগীর বলেন, ২০১৩ সালে এক লাখ ছয় হাজার শিক্ষকের চাকরি সরকার জাতীয়করণ করেছে। আওয়ামী লীগ সরকারের সময় যতগুলো কারিগরি বিদ্যালয় স্থাপন করা হয়েছে, এত কম সময়ে অন্য কোথাও তা করা হয়েছে কি না, আমরা জানা নেই।